গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩০.১৫-৫৮৫ তারিখ ঃ ৩০-০৮-২০১৬ খ্রিঃ

সূত্র ঃ ৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩৬.২০১৫-০৬, তারিখঃ ১৪-০৭-২০১৫ খ্রিঃ

বিষয় ঃ যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে অক্টোবর' ২০১৬ মাসে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও বরাতের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন **'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)'** শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে উপজেলা পর্যায়ে এক মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্স আগামী অক্টোবর'২০১৬ মাসে নিম্নের ছকে বর্ণিত ৭টি বিভাগের ৭টি ভেন্যুতে অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	অক্টোবর'২০১৬ মাসে প্রশিক্ষণ ভেন্যু (উপজেলা)
০১।	ঢাকা	টাঙ্গাইল	মধুপুর
০২।	চট্টগ্রাম	লক্ষীপুর	রামগতি
০৩।	রাজশাহী	নওগাঁ	নিয়ামতপুর
০৪।	খুলনা	নড়াইল	লোহাগড়া
০৫।	বরিশাল	বরগুনা	আমতলী
০৬।	সিলেট	মৌলভীবাজার	বড়লেখা
০৭।	রংপুর	রংপুর	তারাগঞ্জ

২। এক মাসের কোর্সটি প্রতিদিন ২টি শিফটে (সকালের শিফট সকাল ৯টা - দুপুর ১টা ও বিকালের শিফট দুপুর ১ টা - বিকাল ৫টা) বাস্তবায়িত হবে অথবা ভ্যানের ধারণক্ষমতানুসারে শিফট পুনঃবিন্যাস করা যাবে। ১৮-৩৫ বছর বয়সী সমান সংখ্যক এইচ. এস. সি পাস যুবক ও এস.এস.সি পাস যুব মহিলার সমন্বয়ে গঠিত প্রতিটি ব্যাচে প্রশিক্ষণার্থীদের সংখ্যা ৪০ জন। উল্লেখ্য শুধুমাত্র সিলেট বিভাগে প্রতিটি ব্যাচে প্রশিক্ষণার্থীদের সংখ্যা ২৪ জন প্রশিক্ষণার্থীদের যোগ্যতা সম্পর্কীয় তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং সকল শর্তাবলী হুবহু প্রতিপালন করা আবশ্যক।

৩। আইসিটি ট্রেনিং ভ্যান এবং প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক ও গাড়ী চালক সংশ্লিষ্ট ভেন্যু অর্থাৎ উপজেলা সদরে অবস্থান করবে। উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগক্রমে প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক ও গাড়ীচালকদের প্রশিক্ষণকালিন অবস্থানের ব্যবস্থা করতে হবে। আইসিটি ট্রেনিং ভ্যানটি একটি সুবিধাজনক স্থানে (যেখানে বৈদ্যুতিক সংযোগ পাওয়া সহজ হবে) এবং নিরাপত্তা বেষ্টনীর মধ্যে রেখে মাসব্যাপী প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। সেই সাথে রাত্রিকালিন এবং ছুটির দিনে গাড়ীটিকে নিরাপদ স্থানে (সংশ্লিষ্ট পুলিশ ষ্টেশনের ভেতর রাখা প্রত্যাশিত) রাখার ব্যবস্থা করতে হবে।

৪। প্রশিক্ষণ শুরুর কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে প্রশিক্ষণার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও বয়স উল্লেখপূর্বক নামীয় তালিকা (প্রয়োজনীয় সংখ্যক অপেক্ষমান প্রার্থীসহ) যুব উন্নয়ন অধিদপ্তরস্থ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। কোনক্রমেই প্রশিক্ষণার্থীর কোটা খালি রাখা যাবে না অর্থাৎ প্রশিক্ষণার্থী লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। আরো উল্লেখ্য যে, প্রশিক্ষণ সমাপণীর দিন প্রশিক্ষণ সনদ প্রদান নিশ্চিত করার জন্য প্রশিক্ষণ সমাপ্তির ৭ (সাত) দিন পূর্বে পূরণকৃত প্রশিক্ষণ সনদ (যা যথাসময়ে সরবরাহ করা হবে) স্বাক্ষরের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

পাতা-২

৫। সুবিধাভোগীদের দোরগোড়ায় বিনাখরচে কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা পৌঁছে দেয়ার এহেন উদ্যোগটি সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার সাথে অত্যন্ত সঙ্গতিপূর্ণ। তাই এর সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা পাওয়ার সুযোগ রয়েছে। এরি আলোকে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও তালিকাভূক্ত যুব সংগঠনকে সম্পৃক্ত করে এ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সেই সাথে এ মহতী কার্যক্রমের ব্যাপক প্রচারনাও চালাতে হবে। উল্লেখ্য প্রশিক্ষণটির উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানের ব্যবস্থাপনা ব্যয়সহ প্রশাসনিক খরচ বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রকল্প হতে যথাসময়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে প্রদান করা হবে।

৬। প্রশিক্ষণকালীন আইসিটি ভ্যানে বিদ্যুৎ ব্যবহারের বিপরীতে প্রস্তুতকৃত বিদ্যুৎ বিল প্রকল্প হতে পরিশোধ করা যাবে। তবে বিদ্যুৎ বিলের কপি যথাসময়ে ও যথাযথভাবে প্রকল্পের পিআইইউ বরাবর প্রেরণ করতে হবে।

৭। গত ১৪-০৭-২০১৬ খ্রিঃ তারিখ যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরিত ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.১১-২৮৮ সংখ্যক 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে প্রদত্ত প্রশিক্ষণকে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ বিবেচনা বিষয়ক' পত্রানুসারে ক্ষুদ্রঋণ কার্যনির্দেশিকা অনুসরণে সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে টেকাব প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষিত যুবগণও চলমান (রাজস্ব) কর্মসূচি হতে "প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণার্থী" হিসেবে ঋণ গ্রহণের সুযোগ পাবেন। এটি প্রশিক্ষণার্থীদেরকে অবগত করাতে হবে।

এমতাবস্থায় তাঁর জেলাধীন উপজেলায়/উপজেলায় আগামী অক্টোবর/২০১৬ মাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ সুসম্পন্নকরণের নিমিত্ত যথাপ্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে ইহা প্রেরণ করা হলো।

(আবুল হাছান খান) ০৩/১০/১৬
যুগ্ম-সচিব
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।

প্রাপকঃ

০১। উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
টাঙ্গাইল/লক্ষীপুর/নওগাঁ/নড়াইল/বরগুণা/মৌলভীবাজার/রংপুর জেলা।

০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট)।
---------------------উপজেলা, ------------------------জেলা।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হলো ঃ</u>

০১। মাননীয় সংসদ সদস্য, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা।
০২। পরিচালক/প্রকল্প পরিচালক --, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল/লক্ষীপুর/নওগাঁ/নড়াইল/বরগুণা/মৌলভীবাজার/রংপুর জেলা।
০৪। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। পুলিশ সুপার, টাঙ্গাইল/লক্ষীপুর/নওগাঁ/নড়াইল/বরগুণা/মৌলভীবাজার/রংপুর জেলা।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপজেলা চেয়ারম্যান, ----------------- উপজেলা -------------- জেলা।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ----------------- উপজেলা ------------- জেলা।
০৯। প্রোগ্রামার আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা, পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ----------------- উপজেলা -------------- জেলা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১২। অফিস কপি।